গাংনীতে জাতীয় পুষ্টি সপ্তাহ উদ্বোধন

গাংনীতে জাতীয় পুষ্টি সপ্তাহ ২০২৩ উদ্ধোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আয়োজিত পুষ্টি সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান সহকারী আসাদুল ইসলাম লিটনের সঞ্চালনায় বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সু প্রভা রানী, আরএমও আব্দুল্লাহ আল মারুফ প্রমুখ।

এসময় উপজেলায় কর্মরত বিভিন্ন অফিসের অফিস কর্মকর্তা, স্থানীয় সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর বঙ্গবন্ধু আন্ত: কলেজ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসন ও ক্রীড়া অফিসের আয়োজনে বঙ্গবন্ধু আন্ত: কলেজ ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার (৭ জুন) সকাল সাড়ে ৭ টার সময় জেলা স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান ও জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ।

উদ্বোধনী খেলায় মেহেরপুর সরকারি টেকনিক্যাল কলেজ দল কুতুবপুর স্কুল এন্ড কলেজকে ২-০ গোলে হারিয়ে বিজয়ী হয়। প্রতিদ্বন্ধিতাপূর্ণ খেলা উপহার দেওয়ার জন্য বিজয়ী এবং রানার্সআপ উভয় দলের খেলোয়ারদের অভিনন্দন জানান জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

আগামী ৯ জুন শুক্রবার বিকাল ৫:৩০ মিনিটে ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, চলমান তাপদাহ বিবেচনায় রেখে প্রতিটি খেলা সকালে টুর্নামেন্ট আয়োজন করা হবে। মাঠে প্রাথমিক স্বাস্থ্যসেবার ব্যবস্থা ছাড়াও জরুরি চিকিৎসার প্রয়োজনে এম্বুলেন্সসহ মেডিক্যাল টিম প্রস্তুত রাখা হয়েছে।

মুজিবনগরে জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে জাতীয় পুষ্টি সপ্তাহ- ২০২৩ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১১ টায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান এর অফিস কক্ষে এই উদ্বোধন অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি উপজেলা সহকারী কমিশনার (ভূমি)নাজমুস সাদাত এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান, মহিলা উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্ত ডা:হারিসুল আবিদ, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ডা: খন্দকার সানজিদা আক্তার, উপজেলা কৃষি অফিসের প্রতিনিধি মিজানুর রহমান, উপজেলা সিনিয়র মৎস্য

কর্মকর্তার প্রতিনিধি ফজলুল হক, ইম্প্যাক্ট মুজিবনগর প্রতিনিধি সোহেল আহমেদ, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ শফিউদ্দিন, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

পুষ্টি সপ্তাহ উপলক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয় এর মধ্যে আছে ছাত্রছাত্রীদের মধ্যে চিত্রাঙ্গন প্রতিযোগিতা উপস্থিত বক্তৃতা বিভিন্ন এতিমখানাতে পুষ্টিকর খাবার বিতরণ এবং মহিলাদের কে নিয়ে পুষ্টি বিষয়ে আলোচনা সভা।

আলমডাঙ্গায় পশুহাটের সেড নির্মাণ কাজের উদ্বোধন

পরিচ্ছন্ন পৌর-নগরীতে জনদুর্ভোগ কমাতে মৎস্য প্রাণীসম্পদ অধিদফতরের উদ্যোগে মাছ মাংস ও ছাগল বিক্রয়ের নতুন সেড নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় পৌর শহরের পশুহাট প্রাঙ্গণে পাইকারি মাছ মাংস ও ছাগল বিক্রয়ের সেড নির্মাণ কাজের উদ্বোধন করেন মেয়র হাসান কাদির গনু।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর শহরে বাড়তে শুরু করেছে যানবাহন ও জনবসতি। বহুতল ভবন নির্মাণের পাশাপাশি সংকুচিত হয়ে পড়েছে সড়ক পথ। ইতোমধ্যে আলমডাঙ্গা পৌর শহরে মাছের পাইকারি ও সাপ্তাহিক দু’টি হাট বসানো হত পৌরসভা সন্নিকটে। ওই স্থানের নির্মিত আড়ৎ ঘর গুলো ভেঙে তৈরি করা হচ্ছে শেখ রাসেল মিনি স্টেডিয়াম। এরই কারণে উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ অধিদফতরের উদ্যোগে ৬টি সেড নির্মাণ করা হচ্ছে।

আজ বৃহস্পতিবার সকালে পশুহাট প্রাঙ্গণে দু’টি সেড নির্মাণ কাজের উদ্বোধন করেন পৌর মেয়র হাসান কাদির গনু। নির্মাণ কাজের দায়িত্বে রয়েছে কুষ্টিয়া জেলার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স নুর

কনকট্রাকশন। এছাড়াও পর্যায়ক্রমে ৪ টি সেড নির্মাণ করা হবে খুচরা বিক্রেতাদের জন্য। দু’টি মাছ ও দু’টি মাংস ব্যবসায়ীদের জন্য আধুনিক ভাবে নির্মাণ করা হবে সেড গুলো। এসব নির্মাণ কাজে ৬টি সেডের অর্থায়ন করছে মৎস্য ও প্রাণীসম্পদ অধিদফতর। দীর্ঘদিন মাছ ও মাংস বিক্রেতা ক্রেতাদের ভোগান্তির কারণ হচ্ছে ময়লা ও জলাবদ্ধতা। এদুটি দিক খেয়াল রেখেই নির্মাণ কাজ শুরু হয়েছে।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন নিয়ে মিলন, সাধারণ সম্পাদক কামাল হোসেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, বিশিষ্ট উদ্যোক্তা হিমেল, মেসার্স নুর কনস্ট্রাকশন এর স্বত্বাধিকারী জিহাদ হোসেন, পৌরসভার প্যানেল মেয়র কমিশনার মুজিবুল হক, সাবেক উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাজী রবিউল হক, বণিক সমিতির ক্যাশিয়ার আলাউদ্দিন, নুর কনস্ট্রাকশনের প্রজেক্ট ম্যানেজার ওয়াহেদ হোসেন, পৌর নির্বাহী কর্মকর্তা রাকিবুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী আসাদুজ্জামান, আওয়ামী লীগ নেতা জুয়েল চৌধুরী প্রমুখ।

মুজিবনগরে ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে ভৃমি সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। আজ সোমবার সকালে উপজেলা ভূমি অফিসের আয়োজনে, স্মার্ট ভূমি সেবাই ভূমি মন্ত্রণালয় এই শ্লোগানকে সামনে রেখে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল মোমিন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস বলেন, জমি জমা সংক্রান্ত কাগজপত্র সরকারি রেটের চেয়েও বেশি টাকা কেহ অফিসে দিবেন না। যদি ভূমি অফিসের কোন কর্মচারী অতিরিক্ত টাকা দাবি করে সঙ্গে সঙ্গে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করবেন।

https://causelist.judiciary.gov.bd/

জেলা জজ ফারজানা খান মেহেরপুর বিচার বিভাগের সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং স্মার্ট বিচার বিভাগের পথে মেহেরপুরের এই যাত্রায় আটুআই এর পক্ষ থেকে সর্বাত্তক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সিনিয়র জেলা ও দায়রা জজ মো শহিদুল্লাহ মেহেরপুর জেলায় অনলাইন কজলিস্ট পরিচালনার কার্যক্রম উদ্বোধন ঘোষনা করেন এবং সমাপনি বক্তব্য প্রদান করেন।

সমাপনি বক্তব্যে তিনি মেহেরপুরের সকল বিচারক, ম্যাজিস্ট্রেট এবং কর্মচারিদের প্রতিদিনের মামলার হালনাগাদ তথ্য অনলাইনে ইনপুট দেওয়ার নির্দেশ প্রদান করেন। এটুআই প্রোগ্রাম কর্তৃক এমন যুগান্তকারী একটি উদ্যোগ গ্রহন করায় তিনি সরকার এবং এ টুআই জুডিসিয়ারি টিমকে ধন্যবাদ জানান। স্মার্ট জুডিসিয়ারি বিনির্মানে মেহেরপুর বিচার বিভাগ তার সর্বোচ্চটি দিয়ে কাজ করবে বলেও তিনি উল্লেখ করেন। ভার্চুয়াল

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়ার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ।

জীবননগরে রয়েল এক্সপ্রেস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগর রয়েল এক্সপ্রেস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ এ খেলাটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কোয়ার্টার ফাইনাল খেলার উদ্বোধন করেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর সভার

মেয়র মোঃ রফিকুল ইসলাম , বাংলাদেশ জাতীয় ক্রিকেট টিমের খেলোয়ার ইমরুল কায়েস,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি মোঃ মুন্সী নাসির উদ্দিন, জীবননগর পৌর যুবলীগের সভাপতি শাহ আলম মোঃ শরিফুল ইসলাম ছোট বাবুসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাবেক খেলোয়াড়বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের উদ্বোধন

দামুড়হুদায় বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের শুভ উদ্বোধন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রফেসর সুজাউদ্দৌলা, পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো: নজরুল ইসলাম, সহকারী শিক্ষক আসাদুজ্জামান, মোছা: জামেনা খাতুন, হুসাইন ইসলাম, ফারুক হোসেন।

অনুষ্ঠানটির সঞ্চালনা করেন বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সদস্য সচিব মোঃ শফিকুল ইসলাম।

[illegible]

[illegible] We HatBazar [illegible] We HatBazar [illegible]

[illegible] We HatBazar [illegible]

We HatBazar [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, ইয়ুথ এ্যাসেম্বলীর সদস্য আশরাফুজ্জামান লিটন, রইচ উদ্দিন তুহিনুজ্জামান, লাবনী, মিম, সোহাগ প্রমুখ।

উল্লেখ্য ১০ টাকার ঈদ বাজার থেকে একজন ব্যাক্তি ১ কেজি চাউল, ১ কেজি আলু, ৫০০গ্রাম সেমাই ও ৫০০গ্রাম চিনি ক্রয় করতে পারবে। প্রথম দিনে উপজেলার শতাধীক মানুষের কাছে বিক্রয় করা হয় ।